দৈনিক সংবাদ

তারিখ ... 24 APR 1996
পৃষ্ঠা: ২ কলাম ৫

# নিজের চেষ্টায় শিক্ষা অর্জনের জন্য নয়া সংগঠন 'নিজেরা শিখি'

(নিজস্ব বার্তা পরিবেশক)

স্বাবলম্বী প্রচেষ্টায় সাক্ষর হওয়ার মাধ্যমে নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে 'নিজেরা শিখি' নামে একটি বেসরকারি উন্নয়ন সংস্থা একটি আন্দোলন সৃষ্টির প্রয়াস চালিয়ে যাচ্ছে।

গতকাল মঙ্গলবার দুপুরে 'নিজেরা শিখি'র আদাবর বাইতুল আমান হাউজিং সোসাইটিস্থ কার্যালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এই আন্দোলন সম্পর্কিত বিস্তারিত তথ্য জানানো হয়। প্রেস ব্রিফিংয়ে সংস্থার চেয়ারম্যান মাহমুদ আমিনুল ইসলাম, নির্বাহী সচিব দিদারুল আলম, কোষাধ্যক্ষ বেগম রিজিয়া সালাম উপস্থিত ছিলেন।

প্রেস ব্রিফিংয়ে বলা হয়, আগামী ২০০০ সালের মধ্যে দেশের সবাইকে অক্ষরজ্ঞানসম্পন্ন করতে হলে নিজেরা শিখি আন্দোলনের বিকল্প নেই। যারা নিজেরা উদ্যোগ নিয়ে নিজেরা শিখি আন্দোলনের মাধ্যমে অক্ষরজ্ঞানসম্পন্ন হতে আগ্রহী তারা সংস্থার কার্যালয়ে যোগাযোগ করলে তাদের উপকরণ দিয়ে সহযোগিতা করা হবে।

সংস্থার কর্মকর্তারা নিজেরা শিখি আন্দোলনে সহযোগিতা করার জন্য আসন্ন ঈদুল আজহার কোরবানির পশুর চামড়া, জাকাত, ফিতরা ইত্যাদি দান করার আহ্বান জানান।

যারা নিজেরা শিখি আন্দোলনের সাথে সম্পৃক্ত হতে ইচ্ছুক তাদের বাড়ি নং ৫৯৬, রোড নং-১০ বাইতুল আমান হাউজিং সোসাইটি শ্যামলী এই ঠিকানায় যোগাযোগ করতে বলা হয়েছে।